

অনলাইন প্রস্তুতিমূলক শ্রেণি কার্যক্রম-৪

নবম-দশম শ্রেণি

বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

একাদশ অধ্যায় (জাতীয় সম্পদ ও অর্থনৈতিক ব্যবস্থা)

জাতীয় সম্পদের ধারণা

❖ শিখন ফল

- সম্পদের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।
- প্রকৃতঅর্থে জাতীয় সম্পদ কী তা ব্যাখ্যা করতে পারবে।
- জাতীয় সম্পদের সংরক্ষণ বলতে কী বুঝায় তা ব্যাখ্যা করতে পারবে।
- জাতীয় সম্পদের সংরক্ষণে নিজ নিজ দায়িত্ব পালনে উৎসাহী হবে।

❖ সম্পদ কাকে বলে?



পিপাসা মেটাচ্ছে

উপযোগ



পরিমাণ নির্দিষ্ট

অপ্রাচুর্য



দৃশ্যমান

বাহ্যিকতা



টাকা দিয়ে কিনছে

হস্তান্তরযোগ্যতা

অর্থনীতির ভাষায় যে বস্তুর উপযোগ, অপ্রাচুর্য, বাহ্যিকতা এবং হস্তান্তরযোগ্যতা এই চারটি বৈশিষ্ট্য রয়েছে তাকে সম্পদ বলে।

উদাহরণ:- নদীতে যখন বাঁধ দিয়ে পানিকে বিদ্যুৎ উৎপাদন বা অন্য কোনো অর্থনৈতিক কাজে ব্যবহার উপযোগী করা হয় তখন নদী/নদীর পানি সম্পদ। কারণ এর মানুষের অভাব পূরণ হয় অর্থাৎ এর উপযোগ আছে। এর সরবরাহ সীমিত কারণ একটা সম্পূর্ণ নদীকে/নদীর পানিকে এই কাজে ব্যবহার করা যায় না অর্থাৎ এইটির অপ্রাচুর্য আছে। প্রয়োজনে অর্থের বিনিময়ে এর মালিকানা পরিবর্তন করা যায় তাই এটির হস্তান্তরযোগ্য। তাছাড়া এইটি দৃশ্যমান তাই এটির বাহ্যিকতার রয়েছে।

সুতরাং আমরা দেখছি নদী/নদীর পানির কিছু অংশে বাঁধ দিয়ে আমরা সেইটিকে সম্পদে পরিণত করতে পারছি। আবার নদীর যখন পানি বিনামূল্যে সেচ কাজে ব্যবহার করছি তখন তার হস্তান্তরযোগ্যতা নেই তাই তখন নদীর পানি সম্পদ নয়। কাজেই একটি দ্রব্যে চারটি গুণ/বৈশিষ্ট্য বিদ্যমান না থাকলে তা অর্থনীতির ভাষায় সম্পদ নয়।

❖ প্রকৃতঅর্থে জাতীয় সম্পদ কী?



ব্যক্তিগত সম্পদ



সমষ্টিগত সম্পদ



আন্তর্জাতিক সম্পদ

একটি রাষ্ট্রের অধিবাসী বিভিন্ন ধরনের সম্পদ ব্যবহার করে থাকে। একান্ত ব্যক্তিগত, ব্যক্তিগত, সমষ্টিগত, আন্তর্জাতিক সব ধরনের সম্পদের সমষ্টি হলো জাতীয় সম্পদ
উদাহরণ:- মনেকরি, একজন ব্যক্তি এক খণ্ড জমির মালিক। এই জমি সে নিজে রক্ষাবেক্ষণ করে, জমি থেকে উৎপাদিত পণ্য নিজের প্রয়োজনে ব্যবহার করে কাজেই এইটি একটি ব্যক্তিগত সম্পদ। এই জমিতে সে নিজের যে বুদ্ধিমত্তা প্রয়োগ করে যে সম্পদ ব্যবহার করেছে তা একান্ত ব্যক্তিগত সম্পদ। এই জমিতে উৎপাদনের জন্য সে যদি ইন্টারনেট সেবা গ্রহণ করে থাকে তবে তা আন্তর্জাতিক সম্পদ। এই জমির ফসলের অব্যবহার্য অংশ ফেলে দেয় সেখানে এই উচ্ছিষ্টাংশ সারে পরিণত হয়। সমাজের যে কেউ এই সার ব্যবহার করতে পারে। তাহলে এই ফসলটুকু সমষ্টিগত সম্পদের অন্তর্ভুক্ত হবে। রাষ্ট্রের সকল উৎপাদন বা সম্পদকে জাতীয় আয়ে হিসাব করা হয়। তাই জাতীয় আয় সকল প্রকার আয়ের সমষ্টি।

❖ জাতীয় সম্পদের সংরক্ষণ বলতে কী বুঝায়?

ব্যক্তিগত বা সমষ্টিগত সম্পদের রক্ষাণাবেক্ষণ, যত্ন-পরিচর্যা ও তত্ত্বাবধানমূলক যাবতীয় কাজ হলো জাতীয় সম্পদে সংরক্ষণ।



বিনা প্রয়োজনে
ব্যবহার না করা



অবৈধভাবে
ব্যবহার না করা



ক্ষতিসাধন
না করা



যত্ন নেওয়া

❖ জাতীয় সম্পদের সংরক্ষণ কেন প্রয়োজন?



একজন অপচয় করছে

আরেকজনের ভোগান্তি বাড়াচ্ছে



কেউ বিদ্যুৎ অপ্রয়োজনে ব্যবহার করছে

কেউ প্রয়োজনে পাচ্ছে না



একজনের প্রতি হিংসা

বিপন্ন করছে অন্য কারো জীবন

সুতরাং ব্যক্তিগত সম্পদের মতই সমষ্টিগত সম্পদ ব্যবহার ও সংরক্ষণ করতে হবে। মনে রাখবো বাংলাদেশ আমাদের সকলের। একটি সম্পদ নষ্ট হলে আমাদের দেশেরই ক্ষতি হয়।